भारतीय गैर न्यायिक

10000 रु. Rs.10000

दस हजार रुपये

RUPEES TEN THOUSAND

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

00AA 369621



ভোলানাথ মণ্ডল - আমার অংশে উক্ত বণ্টননামা দলিলের 'ঙ' তপশীল বর্ণিত সম্পত্তি নির্দিষ্ট হয় এবং তদবধি আমি উপরের পরিচিত ও নিম্ন তপশীল বর্ণিত ও এই দলিল সংযুক্ত ব্লু প্রিন্ট নকশায় চিহ্নিত লাল রেখা দ্বারা বেষ্টিত ৩৩ শতক জমি - যাহা আমি অন্যের নিরংকুশ নির্ব্যূঢ় সূত্রে নির্বিবাদে নির্দোষে ও পরিষ্কার অবস্থায় ভোগবান ও দখলিকার আছি। উক্ত সম্পত্তি বিক্রয় করিবার আমার সম্পূর্ণ অধিকার আছে।

এক্ষণে নানা প্রকার বৈধ ও সঙ্গত কারণে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উপরের পরিচিত ও নিম্ন তপশীল বর্ণিত ও এই দলিল সংযুক্ত ব্লু প্রিন্ট নকশায় লাল রেখা দ্বারা বেষ্টিত ৩৩ শতক সম্পত্তি বিক্রয় করিবার অভিপ্রায় প্রকাশ ও প্রচার করিলে উক্ত কোম্পানী তাহা লোক পরম্পরায় অবগত হইয়া সমস্তটিই বাজারের সর্বোচ্চ মূল্যে খরিদ করিতে চাহিলে আমি তাহাতে রাজী ও সম্মত হইয়া এবং উক্ত কোম্পানীকেই বাজারের সর্বোচ্চ ক্রেতা -

14383

Sold to Sri/Smt M/S Techno Engineers
of Sekalia, P.S. Barasat 24P (N)

Treasurer
Barasat Treasury
North 24 Parga.
28/6.98

OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR BARASAT
BARASAT, NORTH 24 PARGANAS

Addl. District Sub-Registrar
Barasat, North 24 Parganas
1/7/06

বিবেচনা করিয়া আমার খাস দখলীয় উল্লিখিত সম্পত্তি মায় দখলস্বত্ব হকুক - উক্ত সময়োচিত বাজারমূল্যে খরিদ করিতে চাহিলে গত ইংরাজী ১০।০৮।৯৪ তারিখে উক্ত কোম্পানী বরাবর একখানা বায়নাপত্রে অত্র দলিলের বিক্রেতা সহি সম্পাদন করিয়া দিয়া বায়নাবৃত্ত টাকা গ্রহণ করিয়া ছিলাম এবং অদ্য উক্ত পণমূল্যের বাকী টাকা এককালীন নগদ গ্রহণ করতঃ সম্পূর্ণ পণমূল্য প্রাপ্তি স্বীকার করতঃ নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি উক্ত - কোম্পানীর নিকট উচিতপণ মূল্য ৫,০০,০০০.০০ পাঁচ লক্ষ টাকায় বিক্রয় করিলাম এবং এককালীন চির তরে চির দিনের জন্য চির নিঃস্বত্ব ও স্বত্বত্যাগী হইলাম এবং বিক্রীত জমি অদ্য হইতে উক্ত কোম্পানীর খাস দখলে ছাড়িয়া - দিলাম।

অদ্যকার তারিখ হইতে উক্ত কোম্পানী আমার ন্যায় সম্পূর্ণ স্বত্ববান, স্বত্বে হকদার, দখলে দখলিকার এবং দান বিক্রয়াদির দ্বারা সর্ব প্রকার হস্তান্তর করণের ক্ষমতাধিকারী হইয়া মালিক হল পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের সেরেস্তায়- ও স্থানীয় মিউনিসিপ্যালিটি/অফিসের নাম খারিজে উক্ত কোম্পানীর নাম পত্তন পূর্বক: খাজনাদি আদায়ে দাখিলাদি গ্রহণে যদৃচ্ছা ক্রমে ব্যবহারে পুত্র পৌত্রাদি ওয়ারিশগণ ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন।

কস্মিন কালে বিক্রীত সম্পত্তি সম্বন্ধে আমি কিম্বা আমার কোন ওয়ারিশগণ বা স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোন প্রকার দাবি দাওয়া তকরার কেহ করে তাহা সর্বতোভাবে অগ্রাহ্য হইবে সর্ব উক্ত নিম্ন আদালতে বাতিল ও নামঞ্জুর হইবেক।

উপরোক্ত পরিচিত ও নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আমি ইতঃপূর্বে উক্ত কোম্পানী ব্যতীত অপর কাহারো নিকট কোন প্রকার হস্তান্তর দায় -

OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR BARASAT

BARASAT · NORTH 24 PARGANAS

সম্বন্ধে কোন বন্ধক বায়না বা বিক্রয়াদি করিয়া রাখি নাই বা ঐ প্রকারের কোন দলিল পত্রাদিতে সহি সম্পাদন করিয়া রাখি নাই বা কোন ঋণের দায়ে - আদালত কর্তৃক ক্রোক নিলাম হয় নাই বা কাহারো জামিনের দায়ে বা খোরপোষের দায়ে দায়বদ্ধ নাই বা কোন সরকার বা কোন কোম্পানী কর্তৃক রিক্যুইজিশন এ্যাক্যুইজিশন বা ভেস্টেড হয় নাই বা তন্নিমিত্ত কোন প্রকারের নোটিশ জারী হয় নাই বা দেবত্তর বা পীরোত্তর দান অর্পণ করিয়া রাখি নাই কিম্বা আমার অপর কোন শরীক বা অংশীদার নাই। উক্ত সম্পত্তি বিক্রয় করিবার আমার উত্তম স্বত্ব আছে, কোন প্রকারের কালিমা লিপ্ত হয় নাই। সম্পূর্ণ নির্ভরযোগ্য আমার খাস দখলীয় সম্পত্তি উক্ত কোম্পানী -কে বিক্রয় করিলাম এবং বিক্রীত সম্পত্তির দখল বুঝাইয়া দিলাম।

যদি ভবিষ্যতে আমার উক্তির কোনরূপ অসত্যতা বা ভুল ভ্রান্তি ধরা প্রকাশ পায় - তাহা উক্ত কোম্পানীর পক্ষ হইতে আমাকে বা আমার - ওয়ারিশানগনকে জানাইলে আমি বা আমার ওয়ারিশানগন বে-ওজর বিনা খরচে উক্ত কোম্পানীর খরচায় সংশোধন দলিল করিয়া দিতে ওয়ারিশানগনক্রমে বাধ্য রহিলাম বা রহিল। অন্যথায় পণের লিখিত সমস্ত টাকা সুদ ড্যামেজ সহ ক্ষতিপূরণ ওয়ারিশানগনক্রমে ফেরৎ দিতে বাধ্য রহিলাম বা রহিল বা - আইনমতে আসিব বা আসিবে।

এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে, - নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বর্তমানে কৃষি কার্য্যে ব্যবহৃত হইতেছে।

এতদ্বার্থে অত্র কোবালার লিখিত পণের সমস্ত টাকা উক্ত কোম্পানীর নিকট হইতে অদ্য নগদ বুঝিয়া পাইয়া আপন ইচ্ছায় অন্যের বিনা প্ররোচনায় সরল অন্তঃকরণে স্বেচ্ছায় সুস্থ মস্তিষ্কে অত্র সাফ বিক্রয় কোবালা লিখিয়া দিলাম। ইতি সন - ১৪০৩। ১৮-ই আষাঢ়, ইংরাজী সন - ১৯৯৬।১লা জুলাই।

OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR BARASAT

BARASAT, NORTH 24 PARGANAS

॥ ১নং বিক্রীত তপশীল সম্পত্তির পরিচয়॥

জেলা উত্তর ২৪ পরগণা, থানা ও সাব-রেজেষ্ট্রী বারাসাত, মিউনি-সিপ্যালিটী মধ্যমগ্রাম, পরগণা আনোয়ারপুর, তৌজি ১০৫ নং ভুক্ত উত্তর - ২৪ পরগণা কালেক্টরি বাহাদুর অধীনে মালিক হাল পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের সেরেস্তায় মৌজা দোহাড়িয়া গ্রামে স্থিত দখলি স্বত্বের বার্ষিক ৬ টাকা ৮ - আনা ২॥. গণ্ডা জমার কাত ১ একর ২০ শতক জমি জমার মধ্যে বার্ষিক হারাহারি ১.৭৫ টাকা জমার কাত ৩০ শতক জমি।

মৌজা - দোহাড়িয়া গ্রামে, জে.এল. নং ৪৫, রে: সা: ১৩২,

মালিক খতিয়ান - ১৯৪ নং ও ১৯৫ নং খতিয়ানের অধীন ১৯৬ নং খতিয়ানে। ৫৫৪/৬৫২ পাঁচ শত চুয়ান্ন বাটা ছয় শত বাহান্ন দাগে শালি ৩৯ শতক মধ্যে ৩০ ত্রিশ শতক।

॥ ২নং বিক্রীত তপশীল সম্পত্তির পরিচয় ॥

ঐ এলাকাধীন উক্ত তৌজি ভুক্ত মালিক হাল ঐ অধীনে মৌজা ঐ দোহাড়িয়া গ্রামে স্থিত দখলি স্বত্ব বিশিষ্ট স্থায়ী বার্ষিক ৫.০০ টাকা জমার কাত ৭১শতক জমি ও জমার মধ্যে বার্ষিক হারাহারি ১৭ পয়সা জমার কাত ০৩ শতক জমি। মৌজা - দোহাড়িয়া গ্রামে, মালিক খতিয়ান - ২৮৩ নং ও ২৮৪ নং খতিয়ানের অধীন - ২৮৫ নং খতিয়ানে।

৫৫৪ পাঁচ শত চুয়ান্ন দাগে শালি - ৩৮ শতক মধ্যে ০৩ তিন শতক জমি।

---

সর্ব মোট দুইটি খতিয়ানে দুইটি দাগে ৩৩ তেত্রিশ শতক জমি মায় - দরমস্তু হক্ক অত্র কোবালা ভুক্ত হইল। যাহা অত্র দলিল সংযুক্ত ব্লু-প্রিন্ট নকসায় লাল রেখা দ্বারা বেষ্টিত সম্পত্তি হইতেছে। উক্ত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR BARASAT
BARASAT, NORTH 24 PARGANAS

-:: ৮ :: -

উক্ত সম্পত্তি মধ্যমগ্রাম মিউনিসিপ্যালিটি অধীন নং ওয়ার্ড যুক্ত - হইতেছে।

## ॥ চৌ হ দ্দী ॥

উত্তর :— ললিত ব্যানার্জীর জমি। দক্ষিণ :— অসীত গুহ'র জমি।

পূর্ব :— মিউনিঃর রাস্তা। পশ্চিম :— নিরঞ্জন মণ্ডলের জমি।

(Sarkar)

মুসাবিদাকারক :—

Krishna Pada Sarkar
F 346/72-/91

K. P. Sarkar
M.Com.LL.B.
Advoca. Barasat Judges Cour
24 Parganas (N)

সাক্ষী :—

১। Sri Ashok Kr Roy
S/o. Late Sachindra Kr Roy
Vill P.O. New Barrackpore.
Dist. North 24 Parganas

২। Surajit Kumar Bhowmik.
S/o - Late Khinodha Nath Bhowmik
162 Boosenagar
P.O. Madhyamgram
24 Pgs N.

টাইপকারক —
তারক দে
মধ্য চন্দ্র
বারাসাত কোর্ট॥

ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR BARASAT
অতিরিক্ত জেলা সাব রেজিস্ট্রার বারাসাত, উত্তর ২৪ পরগনা
BARASAT, NORTH 24 PARGANAS

... original instrument ... in the ... Certified to be a true Copy

Addl District Sub-Registrar
Barasat North 24 Parganas
13/11/96

Amitava Chakraborty 13/11/96